

দেশব্যাপী ছাত্রদের সাংগঠনিক সফর অব্যাহত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার : তৃণমূল পর্যায়ে জাতীয়তাবাদী ছাত্রদলকে সুসংগঠিত করার লক্ষ্যে সারাদেশে থানায় থানায় এখন চলছে কেন্দ্রীয় নেতৃত্বের সাংগঠনিক সফর। ছাত্রদের কেন্দ্রীয় যুগ্ম সম্পাদক মোস্তফা খান সফরের নেতৃত্বাধীন চট্টগ্রাম বিভাগীয় দুই নম্বর টীম গত রবিবার মতলব ডিগ্রী কলেজ, খান্দা ও পৌরসভা, পাঁচটি ইউনেটে কর্মসভা করে। কলেজ সভাপতি মোহাম্মদ সজাপতিতে কলেজে অনুষ্ঠিত কর্মসভায় প্রধান অতিথির বক্তব্যে ছাত্রনেতা মোস্তফা খান সফরী বলেন, শিক্ষায়নে শিক্ষার সুষ্ঠু পরিবেশ বহুয় রাখতে ছাত্রদল কাজ করে যাবে। সভায় আরো বক্তব্য রাখবেন আজহারুল হক মুকুল, একরামুল হক বিপ্লব, নুরুল আমিন খান আকাশ, মোজাম্মেল হক, শেখ শাহীম, মফিজুল ইসলাম, বিল্লাল হোসেন ভারেক, মানিক প্রমুখ। এছাড়া রাজশাহী বিভাগীয় ১ নম্বর টীম আর রাজশাহী কলেজে প্রতিনিধি সমন্বয় সভা করবে। ছাত্রদের কেন্দ্রীয় সহ-সভাপতি ফরহাদ হোসেন আজাদ এতে প্রধান অতিথির বক্তব্য রাখবেন। ঢাকা বিভাগীয় টীম মলনেতা, ছাত্রদের সিনিয়র সহ-সভাপতি সুলতান সালাউদ্দিন টুকুর নেতৃত্বে আগামীকাল টাঙ্গাইল সফর করবে। এছাড়া নেত্রকোনা জেলার বারহাট্টা থানায় কেন্দ্রীয় টীম গতকাল কর্মসভার আয়োজন করে।